

রেডিওলজিক্যাল এবং বিপজ্জনক উপাদান থেকে হওয়া কোনো দুর্ঘটনা মোকাবেলা

পটভূমি:

নিজে থেকেই বা দুর্ঘটনাজনিত যে কোনো কারণেই রেডিওলজিক্যাল এবং/অথবা বিপজ্জনক উপাদান নির্গত হলে তা শরীর এবং নিরাপত্তার ক্ষেত্রে একটি গুরুতর বিপদ। এছাড়াও এই নির্গমন যে অঞ্চলে ঘটেছে তা সেই অঞ্চল এবং তার আশপাশের অঞ্চল খালি করা হয় অথবা বাসিন্দাদের আশ্রয়ে যাওয়ার কথা বলা হতে পারে।

রেডিওলজিক্যাল এবং বিপজ্জনক উপাদানের ফলে দূষণ

অনিচ্ছাকৃতভাবে সংস্পর্শে এলে বা দূষণের ফলে এগুলি হতে পারে:

- **বাহ্যিক:** বাইরের দূষণ বলতে আমাদের শরীরের ত্বক বা পোশাকের উপর প্রভাব বোঝায়, যার ফলে কেউ পড়ে যেতে পারে অথবা তার থেকে অন্য মানুষ এবং বস্তুতে ছড়িয়ে যেতে পারে।

অথবা

- **অভ্যন্তরীণ:** অনাবশ্যক তেজস্ক্রিয় পদার্থ শরীরের মধ্যে প্রবেশ করা হল অভ্যন্তরীণ দূষণ, যা খাদ্যগ্রহণ, শ্বসন অথবা চামড়ার কাটা অংশের মধ্যে দিয়ে শরীরে প্রবেশ করতে পারে। তেজস্ক্রিয় পদার্থ একবার শরীরে প্রবেশ করলে তা শরীরের বিভিন্ন জায়গায় ছড়িয়ে যেতে পারে (যেমন অস্থিমজ্জা), যেখান থেকে এটিকে অপসারণ না করা অথবা অবক্ষয় না হওয়া পর্যন্ত রেডিয়েশন নির্গত হওয়া অব্যাহত থাকে। শরীরের ভিতরে প্রবেশ করলে তা অপসারণ করা খুব কষ্টকর।

রেডিওলজিক্যাল এবং/অথবা বিপজ্জনক উপাদান নির্গত হওয়ার ক্ষেত্রে:

- কর্তৃপক্ষদেরকে অবিলম্বে জানান
- বিস্ফোরণ যেখানে ঘটেছে তা থেকে দূরে থাকুন।
- কাপড় বা সার্জিক্যাল ফেস মাস্ক দিয়ে মুখ ও নাক ঢাকা দিন।
- পোশ্যদের বাড়িতে রাখুন।
- যদি খালি করতে বলা হয় তাহলে পোশ্যকে সঙ্গে নিয়ে জায়গা খালি করে দিন।
- কর্তৃপক্ষদের দ্বারা নির্দেশিত পথ অনুসরণ করুন (শর্টকাট আপনাকে আরো ভয়ঙ্কর অবস্থায় ফেলতে পারে)।
- আপৎকালীন “গো-কিট” হাতে রাখুন। কিভাবে একটি গো-কিট তৈরি করতে হয় তা জানার জন্য www.72hours.dc.gov-এ যান।
- যদি বাড়িতে আশ্রয় নিতে বলা হয় তাহলে, দূষণ যাতে বাড়িতে ঢুকতে না পারে সেইভাবে বাড়ী সীল করে দিন।
- সব জানলা ও দরজা বন্ধ করে দিন।
- ভেন্টিলেশন সিস্টেম বন্ধ করে দিন (বাইরের বাতাস ঢোকার রাস্তা বন্ধ করুন)।
- আধিকারিকদের থেকে আপডেট এবং নির্দেশ পাওয়ার জন্য রেডিও বা টিভিতে নজর রাখুন।



ডিস্ট্রিক্ট অফ কলম্বিয়া সরকার
রচনা:

হোমল্যান্ড সিকিউরিটি এন্ড ইমার্জেন্সি ম্যানেজমেন্ট এজেন্সি (HSEMA)

সর্বশেষ সংশোধিত: নভেম্বর, 2011

